



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

বাংলাদেশের
প্রশংসাজম্বুদী
Bangladesh



কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।

কলেজ কোড: ঢাকা শিক্ষা বোর্ড : ৪৫২৫, EINN : ১১৪৭৪৩, জাতীয় বিশ্ববিদ্যালয় : ৫৩০৭
e-mail : kgc10.tangail@gmail.com web: www.kgc.ac.bd, Phone: 02997752601

তারিখ: ০২/০২/২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল এর ২০২০-২০২১ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদের ইউনিক আইডি (UID) “শিক্ষার্থী তথ্যছক (CRVS Form)” কলেজের ওয়েবসাইট (<https://kgc.ac.bd/forms/>) থেকে ডাউনলোড করে অথবা কলেজের স্টোর রুম (কক্ষ নং-১০৫) থেকে সংগ্রহ করে সঠিকভাবে পূরণপূর্বক আগামী ০৮/০২/২০২২ খ্রি. এর মধ্যে কলেজের স্টোর রুমে (কক্ষ নং-১০৫) নিজ রোল নম্বররের পাশে স্বাক্ষর করে নিম্নের কাগজপত্রসহ জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে:

- শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ০২ কপি (সাদা ব্যাকগ্রাউন্ড রঙ্গিন ছবি, পূর্ণ সম্মুখ থেকে তোলা, যাতে শিক্ষার্থীর দুই কান ও দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়, সংযুক্ত ছবির পেছনে ছাত্রীর নাম, রোল নম্বর ও শিক্ষাবর্ষ লিখতে হবে)।
 - শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের ফটোকপি (০১ কপি)।
 - শিক্ষার্থীর রক্তের গ্রুপ সনাক্তের মেডিকেল রিপোর্টের ফটোকপি (০১ কপি)।
 - মাতার জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি (০১ কপি)।
 - মাতার জন্ম নিবন্ধনের ফটোকপি (০১ কপি)। (যদি থাকে)
 - পিতার জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি (০১ কপি)।
 - পিতার জন্ম নিবন্ধনের ফটোকপি (০১ কপি)। (যদি থাকে)
 - অভিভাবকের (পিতা মাতা মৃত হলে) জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি (০১ কপি)।
 - অভিভাবকের (পিতা মাতা মৃত হলে) জন্ম নিবন্ধনের ফটোকপি (০১ কপি)। (যদি থাকে)
 - শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি (০১ কপি)।
 - শিক্ষার্থী প্রতিবন্ধী হলে প্রতিবন্ধী সনদ ও কোটা থাকলে কোটার সনদ এর ফটোকপি (০১ কপি)।
- কোন শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের NID এবং জন্ম সনদ না থাকলে তা জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার তথ্যসেবা দপ্তরে যোগাযোগ করে সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করবেন।
 - শিক্ষার্থী তার নাম রেজিস্ট্রেশন কার্ড অনুসারে বড় অক্ষরে স্পষ্ট করে পূরণ করবে।
 - শিক্ষার্থী ও পিতা-মাতার নাম ইংরেজিতে স্পষ্ট বড় অক্ষরে প্রতিঘর পূরণ করতে হতে। প্রতিটি শব্দ পূরণের পর ১টি ঘর ফাঁকা রাখতে হবে।

সকল তথ্য অবশ্যই সঠিকভাবে পূরণ করতে হবে এবং সংযুক্ত তথ্য সমূহ সঠিকভাবে সংযুক্ত করতে হবে।
এবং যারা অনলাইনে দাখিল করবে তাদেরকেও সকল সংযুক্তি তথ্য অনলাইনে দাখিল করতে হবে।


অধ্যক্ষ
কুমুদিনী সরকারি কলেজ
টাঙ্গাইল।